**পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ।

Office of the
**Controller of Examinations**
Unversity of Chittagong
Chattogram- 4331, Bangladesh.

মার্কশিট শাখা
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম

স্মারক নং: চবি/পনিদ/মাশা/২০২৬/.....  তারিখ: ২৩ নভেম্বর ২০২৬

## অফিস আদেশ

এতদ্বারা আদেশক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষার্থী বা গ্র্যাজুয়েটের মূল মার্কশিট, গ্রেডশিট কিংবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর) হারিয়ে গেলে পরবর্তীতে তাঁদের আবেদনের প্রেক্ষিতে প্রদত্ত নতুন মার্কশিট, গ্রেডশিট বা একাডেমিক ট্রান্সক্রিপ্টে 'রি-ইস্যু' (Re-issue) কথাটি উল্লেখ থাকবে।

অধিকন্তু, এই রি-ইস্যুকৃত মার্কশিট, গ্রেডশিট বা একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহের জন্য আবেদনকারীকে সংবাদপত্রে হারানো বিজ্ঞপ্তি প্রকাশ এবং উক্ত পত্রিকার কাটিং (Paper Cutting) জমা দেওয়ার পূর্বের বাধ্যবাধকতা এতদ্বারা শিথিল করা হলো।

আবেদন প্রক্রিয়া সংক্রান্ত নির্দেশনাঃ

১. শিক্ষার্থী/গ্রাজুয়েটদের সরাসরি বা অফলাইনে রিইস্যু গ্রেডশিট /মার্কশিট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট পাওয়ার আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই স্ব-স্ব বিভাগীয় সভাপতি, অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা ইনস্টিটিউটের পরিচালকের মাধ্যমে আবেদন করতে হবে।

২. অনলাইন আবেদন: অনলাইনের মাধ্যমে আবেদন করলে বিভাগীয় সভাপতি, অধ্যক্ষ বা পরিচালকের স্বাক্ষর প্রয়োজন হবে না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

২৩/১১/২০২৬
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

স্মারক নং: চবি/পনিদ/মাশা/২০২৬/..২২৬২(৬০)  তারিখ:২৩.১১.২০২৬

(অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো):

১. ডিন.....সকল অনুষদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২.সভাপতি/ পরিচালক.....সকল বিভাগ ও সকল ইনস্টিটিউট চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৩.অধ্যক্ষ..... অধিভুক্ত সকল কলেজ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৪. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. ডেপুটি রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার উপাচার্য দপ্তর/উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর/উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৬. উপ রেজিস্ট্রার একাডেমি / কাউন্সিল /তথ্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৭.উপ পরীক্ষা নিয়ন্ত্রক মার্কশীট/ফলাফল/ডিপ্লোমা/স্টোর/স্ক্রিপ্ট/পরীক্ষা প্রস্তুতি/নিয়োগ/বিল শাখা, পরীক্ষা নিয়ন্ত্রন দপ্তর,চবি।
৮. নথি/সংরক্ষণ শাখা।

২৩.১১.২০২৬
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।